



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

প্রধান কার্যালয়, ঢাকা।

বাড়ি নং-০৫, এভিনিউ -০৩, হাজী রোড, মিরপুর-২, ঢাকা-১২১৬।



স্মারক নং- ৪৭.০৫.০০০০.০০২.৯৯.০৬২.১২.৪৮৯৭

তারিখঃ ১৪ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ
২৯ জুলাই, ২০১৮ খ্রি.

যুগ্ম/উপ-পরিচালক (সকল)
পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
----- অঞ্চল।


বিষয়ঃ বিভিন্ন অনুষ্ঠান পালন, প্রশিক্ষণ, সদস্য/কর্মীদের উল্লেখযোগ্য অর্জনের স্বচিত্র প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।

পিডিবিএফ দরিদ্র সুবিধাবঞ্চিত মানুষের জীবন মানের পরিবর্তনে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে। বর্তমান সরকারের টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে পিডিবিএফ টেকসই দারিদ্র্য বিমোচনকে মূল লক্ষ্যবস্তু হিসাবে বেছে নিয়েছে। একটি সরকারি প্রতিষ্ঠান হিসাবে বর্তমান সরকারের লক্ষ্য বাস্তবায়নে পিডিবিএফ গুরুত্বপূর্ণ অবদান রাখছে। অথচ পিডিবিএফ এর অবদানের বিষয়টি যথাযথ প্রচারণার অভাবে জনসাধারণের দৃষ্টিগোচর হচ্ছে না। ফলে পিডিবিএফ এর অবদানের স্বীকৃতি পাওয়া যাচ্ছে না। তাই এখন থেকে পিডিবিএফ এর বিভিন্ন কর্মকাণ্ড জনসাধারণের দৃষ্টিগোচর করার জন্য পিডিবিএফ এর সামাজিক যোগাযোগ মাধ্যম (ওয়েব সাইট, ফেইসবুক) সহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচার প্রচারণার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে পিডিবিএফ এর সকল সহকর্মী সহযোগিতা একান্ত কাম্য।

এখন থেকে প্রধান কার্যালয় থেকে শুরু করে উপ পরিচালকের কার্যালয়, উপজেলা কার্যালয়সহ সমিতি পর্যায় যে সকল প্রাতিষ্ঠানিক, জাতীয়, আন্তর্জাতিক অনুষ্ঠান/প্রশিক্ষণ/উল্লেখযোগ্য কর্মসূচি অনুষ্ঠিত হবে তার আগাম কর্মসূচি এবং অনুষ্ঠান পরবর্তী স্বচিত্র প্রতিবেদন প্রধান কার্যালয়ের যোগাযোগ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। পিডিবিএফ এর কর্মী, সদস্যসহ সন্তানদের মধ্যে বিশেষ কৃতিত্বপূর্ণ অবদান/অর্জন থাকলেও তার স্বচিত্র প্রতিবেদন প্রেরণ করতে হবে। অবসরপ্রাপ্ত ও মৃত সহকর্মীগণের ছবিসহ বিবরণ ঐ দিনই (যদি সম্ভব হয়)/সম্ভব স্বল্প সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। প্রাথমিক ভাবে এই সকল তথ্য প্রচারের জন্য প্রধান কার্যালয়ে “নিউজ বক্স” নামে একটি বক্স খোলা হয়েছে। স্বচিত্র প্রতিবেদন ই-মেইল: pdbfcombd@gmail.com যোগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি জরুরী এবং চলমান প্রক্রিয়া।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।



(মুহিউদ্দিন আহমদ পান্না)

অতিরিক্ত পরিচালক

মানব সম্পদ উন্নয়ন ও যোগাযোগ

অনুলিপিঃ

- ০১। পরিচালক (সকল), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। প্রকল্প পরিচালক (সকল), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। অতিরিক্ত পরিচালক (সকল), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। যুগ্ম-পরিচালক (সকল), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। যুগ্ম-পরিচালক (তথ্য প্রযুক্তি), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা (সংযুক্ত নোটিশটি পিডিবিএফ এর তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের এক্সিকিউটিভ সেক্রেটারী, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। সংশ্লিষ্ট নথি।


(মোঃ জাকির হোসেন)

সিনিয়র সহকারী পরিচালক, যোগাযোগ